Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 20 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় শিক্ষার্থী ও অভিভাবকদের সেবায় প্রশংসনীয় ভূমিকা রেখেছে শাখা ছাত্রদল।আজ শনিবার (১৯ এপ্রিল) অনুষ্ঠিত পরীক্ষাকে কেন্দ্র করে শিক্ষার্থী ও অভিভাবকদের সহায়তায় ক্যাম্পাসে সাতটি সেবামূলক বুথ স্থাপন করেছে সংগঠনটি। এতে পরীক্ষার্থী ও অভিভাবক উভয়ই পেয়েছেন মানসম্পন্ন ও মানবিক সেবা।

বুথগুলোতে ছিল বিশ্রামের ব্যবস্থা, মেডিকেল সেবা, পত্রিকা পড়ার ব্যবস্থা, চা-বিস্কুট, পানি, জুস, কলম, ফ্রি বাইক সার্ভিস এবং ট্র্যাফিক নিয়ন্ত্রণের মতো উদ্যোগ।এছাড়া পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্র চিনিয়ে দেওয়া, হারিয়ে যাওয়া জিনিসপত্র খোঁজার সহায়তা এবং ব্যাগ রাখার সুবিধাসহ নানা সেবা দেন ছাত্রদলের স্বেচ্ছাসেবকরা।

শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক শফিকুল ইসলাম শফিক জানান, ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের জন্য সাতটি হেল্প ডেস্ক বসানো হয়েছে। এর মধ্যে রয়েছে ফ্রি বাইক সেবা, প্রাথমিক চিকিৎসা কেন্দ্র, ট্র্যাফিক নিয়ন্ত্রণের জন্য আলাদা টিম, অভিভাবকদের জন্য বসার ব্যবস্থা, সুপেয় পানির ব্যবস্থা ও পত্রিকা পড়ার সুযোগ।

ছাত্রদলের ১নং যুগ্ম আহ্বায়ক সরদার জহুরুল বলেন, ছাত্রদলের সকল কর্মকাণ্ড সাধারণ শিক্ষার্থী ও অভিভাবকদের জন্যই।আমরা চেষ্টা করেছি যেন অভিভাবকরা বিরক্ত না হন।তাই পত্রিকা, চা-বিস্কুটের ব্যবস্থা করেছি।আমাদের সব বুথে এই সেবা নিশ্চিত করা হয়েছে।এবং আমরা এভাবেই কাজ করে যেতে চাই।

ছাত্রদলের এই মানবিক ও সেবামূলক উদ্যোগ শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে প্রশংসা কুড়িয়েছে। সুশৃঙ্খল ও মানবিক এ আয়োজন ভর্তি পরীক্ষার সময় একটি ইতিবাচক দৃষ্টান্ত স্থাপন করেছে।

ভর্তি পরীক্ষা দিতে আসা কেয়া নামের এক শিক্ষার্থী বলেন, আমি এডমিট কার্ড আনতে ভুলে গিয়েছিলাম। ছাত্রদলের টেন্টে গিয়ে বলার পর তারা আমাকে প্রিন্ট করে এনে দেয়। তাদের প্রতি কৃতজ্ঞ।এমন উদ্যোগ সত্যিই প্রশংসনীয়।

এক অভিভাবক বলেন, আমার মেয়ে গত বছরও পরীক্ষা দিয়েছিল, তখন বসার এমন জায়গা পাইনি। এবার ছাত্রদলের টেন্টে বসার ব্যবস্থা, পত্রিকা পড়ার সুযোগসহ অনেক কিছু পেয়েছি। তাদের এই উদ্যোগের জন্য ধন্যবাদ জানাই।”

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষাবর্ষ ছাত্রদল

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:27

URL: https://www.timestodaybd.com/campus/1101775807